গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
নবনিয়োগ শাখা
www.mopa.gov.bd

**প্রজ্ঞাপন**

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৩.২৩-১৯৭ তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২২ মে ২০২৫

৪১তম বিসিএস পরীক্ষা, ২০১৯ এর মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০৭-১১-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.২০২.৪০.০০৭.২৩-১৬৫ নম্বর পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের স্বাস্থ্য ক্যাডারের প্রবেশ পদে (সহকারী সার্জন) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট একটি অঙ্গীকারনামা দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৪১তম বিসিএস পরীক্ষা, ২০১৯ এর ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরির বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে। এ ছাড়া ১৩ (২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ঠ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২/০১ জুন ২০২৫** পূর্বাহ্নে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ হতে পরবর্তী কোনো নির্দেশনা না পেলে উল্লিখিত তারিখেই তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে যোগদান করবেন। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)
পদের নাম : সহকারী সার্জন
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন।

| ক্রমিক | মেধাক্রম | রেজিস্ট্রেশন নম্বর | নাম |
|---|---|---|---|
| ১. | ৪৬ | ১৩০১৪৮৮৬ | মো: শরিফুল ইসলাম পিয়াস |

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২/৫/২৫

ড. মোঃ মোখলেস উর রহমান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

০৮ জ্যৈষ্ঠ ১৪৩২

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৩.২৩-১৯৭ তারিখ:-------------------

২২ মে ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়;

২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ;

৩। সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়;

৪। সিনিয়র সচিব/সচিব---------------------------------------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ।

বি.সি.এস. (---------------------------------) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত -------------------------------- জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৪১ তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থী যেন **আগামী ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২/০১ জুন ২০২৫ পূর্বাহ্নে** আবশ্যিকভাবে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক নির্দেশিত/পদায়নকৃত কার্যালয়ে যোগদান করতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারি করার প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;

৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;

৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৮। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;

৯। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/স ও ব্য/ সিপিটি/শৃংখলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়;

১০। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়;

১১। উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়;

১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাঁকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো);

১৪। উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১, জনপ্রশাসন মন্ত্রণালয়;

১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো);

১৬। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়;

১৭। জনাব/বেগম ...............................................................।

২২/০৫/২০২৫

মোঃ উজ্জল হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৪০০৭